পঞ্চায়েতে তালা

দুরন্ত বার্তা, মালদা, ২৪ জানুয়ারি ঃ গত সপ্তাহে অনলাইনে প্রদান করা হয়েছিল টেন্ডার নোটিশ। কিন্তু তারপর থেকে এই টেন্ডারের অংশগ্রহণ করতে গেলে যে ডিসিআর প্রয়োজন সেই ডিসিআর কাটতে পারছিলেন না স্থানীয় ঠিকাদাররা। অভিযোগ, গ্রাম পঞ্চায়েত প্রধান বিভিন্ন রকম টালবাহানা করে স্থানীয় পঞ্চায়েতের ঠিকাদারদের ডিসিআর দিতে। আর এর জেরে আজ পঞ্চায়েত অফিসে তালা বন্ধ করে বিক্ষোভ দেখালেন এলাকার ঠিকাদাররা। ঘটনাটি ঘটেছে হরিশ্চন্দ্রপুর দু'নম্বর ব্লক এলাকার দৌলতপুর গ্রাম পঞ্চায়েতে। ঘটনার জেরে চাঞ্চল্য ছড়িয়েছে পঞ্চায়েত এলাকাজুড়ে। যদিও এদিন সকাল থেকেই পঞ্চায়েত দপ্তরে প্রধানসহ অন্যান্য আধিকারিকরা অনুপস্থিত ছিলেন। এদিকে আধিকারিকদের না পেয়ে সকাল থেকেই তালা ঝুলিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন এলাকার ঠিকাদাররা। তারা অভিযোগ তোলেন প্রধান মোবারক হোসেন কাটমানির বিনিময়ে নির্দিষ্ট কয়েকজনকে এই টেন্ডার পাইয়ে দেওয়ার ষড়যন্ত্র করছেন। তাই বাকিদের বঞ্চিত করেছেন। যদিও এ প্রসঙ্গে প্রধান মোবারক হোসেন কোন মন্তব্য করতে নারাজ। এ প্রসঙ্গে এক ঠিকাদার বাবর আলী জানান, আমরা গত সপ্তাহে অনলাইনে এই গ্রাম পঞ্চায়েতে বিভিন্ন কাজের জন্য টেন্ডার প্রকাশ হয়েছে দেখতে পাই। কিন্তু এই টেন্ডার জমা করার জন্য যে ডিসিআর কাটার প্রয়োজন সেটা দিতে পঞ্চায়েত তালবাহানা করছে। আমরা এই প্রতিবাদে বিক্ষোভের সামিল হয়েছি। এ প্রসঙ্গে বিডিও বিজয় গিরি জানান, অভিযোগ পেলে খতিয়ে দেখা হবে।

৭৫তম বর্ষপূর্তি

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ জানুয়ারি ঃ শিলিগুড়ি পুরনিগমের ২৭ নম্বর ওয়ার্ডের দেশবন্ধুপাড়ায় অবস্থিত আর্য সমিতির চলতি বছর ৭৫তম বর্ষপূর্তি। এই পূর্তি উপলক্ষে সারা বছর ধরে নানান কর্মকাণ্ড গ্রহণ করা হয়েছে। মঙ্গলবার আর্য সমিতির সভা কক্ষে এক সাংবাদিক সম্মেলনে হাজির হন ৭৫ বৎসর উদযাপন কমিটির প্রধান পৃষ্ঠপোষক মেয়র গৌতম দেব, সহকারী পৃষ্ঠপোষক ডেপুটি মেয়র রঞ্জন সরকার, আর্য সমিতির সম্পাদক রানা দে সরকার ও অন্যান্যদের মধ্যে ভাস্কর বিশ্বাস, অনুপ বোস ও প্রশান্ত চক্রবর্তী। উক্ত সাংবাদিক সম্মেলনে গৌতমবাবু প্রথমে আর্য সমিতির ইতিহাস সমন্ধে বিস্তারিত জানান এবং আবেগের সাথে জানান এই আর্য সমিতিকে নতুন ভাবে তৈরী করার পরিকল্পনা করতে প্রস্তাব দেন। গৌতম দেব আরও জানান নতুনভাবে ভবন তৈরী করে তাতে হল ঘর এবং থিয়েটারের যাবতীয় ব্যবস্থা করবার পরিকল্পনা রয়েছে। ঐতিহ্যবাহি আর্য সমিতির ইতিহাস শহরবাসীর মধ্যে ছড়িয়ে দেওয়ার পরিকল্পনার কথাও জানান তিনি।

প্যারেডের মহড়া

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৪ জানুয়ারি ঃ জলপাইগুড়ি টাউন ক্লাব ময়দানে এবার অনুষ্ঠিত হবে প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজ। সিভিল ডিফেন্স, এনসিসি সহ বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রীরা এবার অংশ নিচ্ছে প্রজাতন্ত্র দিবসের প্যারেডে। এছাড়া রয়েছে জলপাইগুড়ি জেলা পুলিশের বিশাল বাহিনী। বেশ কয়েকটি স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের দলে এক প্ল্যাটুন করে এনসিসি বাহিনী রয়েছে। এছাড়া মহড়ায় রয়েছে পুলিশ ব্যান্ড। জলপাইগুড়ি জেলা পুলিশের নেতৃত্বে প্যারেডে অংশ নেবেন মহিলা পুলিশ ব্রিগেডের কর্মীরা। এবার জলপাইগুড়ি টাউন ক্লাব ময়দানে প্রজাতন্ত্র দিবসের বর্ণাঢ্য অনুষ্ঠান করা হবে। উপস্থিত থাকবেন জলপাইগুড়ির জেলাশাসক মৌমিতা গোদারা বসু সহ জেলা প্রশাসনের বিভিন্ন আধিকারিকরা। থাকবেন জেলা পুলিশ সুপার বিশ্বজিৎ মাহাত ও জেলা পুলিশের কর্তারাও। প্যারেড সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে।

সরস্বতী ভরসায় লক্ষী লাভের আশা

গোপাল বিশ্বাস, নদীয়া, ২৪ জানুয়ারি ঃ বাংলা বছরের শুরুতে রথযাত্রার পর থেকেই কম-বেশি ব্যস্ত হয়ে পড়েন মৃৎশিল্পীরা। কারন সেইসময় থেকে পর পর শুরু হয় বিভিন্ন পুজোর মরশুম। পাশাপাশি বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গা পুজো। তাই বিভিন্ন পুজোর মরশুমগুলির দিকে চেয়ে থাকেন কুমারটুলি তথা মৃৎ শিল্পের সাথে জড়িত বিভিন্ন শিল্পীরা। বিগত দু'বছর করোনা আবহে দেশজুড়ে যে পরিস্থিতি তৈরিতে ছিল সেজন্য সেভাবে কোন পুজো অনুষ্ঠান না হওয়ার কারনে অধিকাংশ মৃৎশিল্পীরা আর্থিক ক্ষতির মুখে পড়েছিলেন। ধীরে ধীরে পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হতেই এবছর যেমন সব অনুষ্ঠানের সাথে বিভিন্ন পুজো অনুষ্ঠানও বেশ জাঁকজমকপূর্ণ ভাবেই শুরু হচ্ছে। সেইজন্য উৎসবের শুরুতেই বিশ্বকর্মা পুজোতেও মৃৎশিল্পীদের ব্যবসা ভাল হয়েছে, মূলত যারা ছোট ও ছাঁচের প্রতিমা তৈরী করে তাদের। এছাড়া যে সব ব্যবসাদাররা প্রতিমা কিনে বিক্রি করেন তাদেরও বিশ্বকর্মা পুজোয় প্রতিমার চাহিদা ছিল ভালই। এরপর একে একে দুর্গা পুজো ও লক্ষী পুজো পার করে পুনরায় লক্ষীলাভের আশায় তাকিয়ে আছেন মৃৎশিল্পীরা। বৃহস্পতিবার সরস্বতী পুজো। দেবী সরস্বতীর আরাধনায় ব্রতী হবেন সকলেই। তাই লক্ষী লাভের আশায় দেবী সরস্বতীর দিকেই তাকিয়ে মৃৎশিল্পীরা। ইতিমধ্যে বহু বাজারেও দেবী পৌঁছেও গেছেন, পাশাপাশি চাহিদা বৃদ্ধি পাবে আশায় মৃৎশিল্পীরা। তবে খড়ের প্রতিমার তুলনায় বাজারে বিভিন্ন মাপের ছাঁচের তৈরি প্রতিমার চাহিদা যথেষ্ট বেশি। ফলত দেবী সরস্বতী প্রতিমা তৈরীতে ব্যাস্ত নবদ্বীপ শহরের ফাঁসিতলা, দন্ডপানি তলাসহ শহরের বিভিন্ন এলাকার মৃৎশিল্পীরা। এদিন দেখা গেল দিনরাত এক করে কাজ চলছেন শিল্পীরা, হাতে সময় নেই বললেই চলে। নবদ্বীপ শহরের ফাঁসিতলা এলাকার মৃৎশিল্পী জীবন কৃষ্ণ পাল বংশ পরম্পরায় এই কাজ করে আসছেন। কাজের চাহিদা বেশি থাকার কারণে স্কুল-কলেজের পাট শেষ করে চাকরি জন্য চেষ্টা চালানোর পাশাপাশি তাদের পারিবারিক ব্যবসায় মন দিয়ে এখন প্রতিমা তৈরির কাজ করে চলেছেন মৃৎশিল্পী দ্বীপ দাস। তিনিও দাদুর সঙ্গে হাত লাগিয়েছেন প্রতিমা তৈরি করতে। মৃৎশিল্পী দ্বীপ দাস বলেন, গত কয়েক বছর ধরে তিনি তার দাদুর এই কাজে হাতে হাতে যতটা সম্ভব করে দিচ্ছেন। কারণ গত দু'বছর খুব কষ্টের মধ্য দিয়ে যাবার পর এবছর চাহিদা বেশ কিছুটা বেশি বলে তাকেও দিন রাত কাজে হাত লাগাতে হচ্ছে। মৃৎশিল্পী দ্বীপ দাস বলেন, এবছর বিশ্বকর্মা পুজো থেকে ভাল বিক্রি হয়েছে, আর সেই আশাতেই এবার সরস্বতী মূর্তি বেশি করে তৈরী করছি, বাজার ভালই হবে। কিন্তু বাজারের কাঁচা মালের দাম যে ভাবে বৃদ্ধি পেয়েছে তাতে লাভের মুখ সেভাবে দেখতে পাচ্ছেন না বলেও জানান। সব মিলিয়ে করোনা কাটিয়ে স্বাভাবিক ছন্দে এবছর হচ্ছে সব পুজো ও বিভিন্ন অনুষ্ঠান।

গলায় পাইথন জড়িয়ে ভিক্ষাবৃত্তি

দুরন্ত বার্তা, মালদা, ২৪ জানুয়ারি ঃ পাইথন গলায় জড়িয়ে গ্রামে গ্রামে ভিক্ষাবৃত্তি। সাপুড়েকে এমন অবস্থায় দেখে অনেকেই ভয় পাচ্ছিলেন। রাস্তা থেকে দূরে সরে যাচ্ছিলেন। বিশাল আকার সাপ গলায় জড়িয়ে সাপুড়েকে ঘুরতে দেখে আতঙ্ক ছড়ায় গ্রামজুড়ে। এমনি এক ছবি নজরে পড়ে কয়েকজন সর্পপ্রেমীর। তড়িঘড়ি তারা ওই সাপুড়েকে আটক করতে যান। যদিও সাপুড়ে বেগতিক দেখে সাপ ফেলে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। পুরাতন মালদার সাহাপুর ছাতিয়ান মোড় এলাকায় ঘটনাটি ঘটেছে। সর্বপ্রেমীরা অসুস্থ অবস্থায় সাপটিকে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসা করেন। তারপর সেটিকে মালদা বন দফতরের হাতে তুলে দেন। বন দফতর সূত্রে জানা গিয়েছে উদ্ধার হওয়া পাইথনটি ইন্ডিয়ান রক পাইথন প্রজাতির। এই পাইথন সাপ সাধারণ উত্তরবঙ্গের পাহাড়ি অঞ্চলে দেখা যায়। মালদায় এই সাপ দেখা যায় না। সর্পপ্রেমীরা জানান, অভিযুক্ত সাপুড়ের বাড়ি ওড়িশায়। সেখান থেকে মালদায় এসে সাপ নিয়ে ভিক্ষাবৃত্তি করছিল। বর্তমানে বন দফতরের কর্তারা সাপটিকে নিজেদের হেফাজতে রেখেছেন। ইতিমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেছেন বন দফতরের মালদা রেঞ্জের কর্তারা। বন দফতরের কর্তারা জানান, উদ্ধার হওয়া সাপটির দৈঘ্য প্রায় পাঁচ ফুট। এই সাপ আরও বড় হয়। বন দফতরের পক্ষ থেকে চিকিৎসা করা হবে। সুস্থ হয়ে উঠলে সাপটিকে জঙ্গলে ছাড়া হবে। এই সাপ যে জঙ্গলে সাধারণত থাকে সেখানেই ছাড়া হবে। তবে এখওা সিদ্ধান্ত নেওয়া হয়নি কোথায় সাপটি ছাড়া হবে। মালদা বন দফতরের বিট অফিসার প্রদীপ গোস্বামী জানিয়েছেন, উদ্ধার হওয়া সাপটি ইন্ডিয়ান রক পাইথন নামে পরিচিত। সাপটির স্বাস্থ্য পরীক্ষা করে তার অনুকূল পরিবেশে ছাড়ার ব্যবস্থা করা হবে। পাশাপাশি ঘটনার তদন্ত শুরু করেছে বন দফতরের কর্তারা। অভিযুক্ত সাপুড়ের খোঁজে তল্লাশি শুরু হয়েছে।

তিন দিন ধরে জয় জহর মেলা অনুষ্ঠিত হবে বীরভূম জেলায়

দুরন্ত বার্তা, বীরভূম, ২৪ জানুয়ারি ঃ আগামী ২৮ থেকে ৩০ জানুয়ারি বীরভূমের সিউড়ী এক, দুই, মহম্মদ বাজার, সাঁইথিয়া, ইলামবাজার, রাজনগর, রামপুরহাট এক ব্লক, বোলপুর শ্রীনিকেতন সহ আটটা ব্লকে জয় জোহার মেলা অনুষ্ঠিত হবে। মেলাতে স্পেশাল ক্যাম্প করে জাতিগত সার্টিফিকেট, স্কলারশিপ, মাইক্রো ক্রেডিট, উন্নত প্রজাতির মুরগি ছানা, শুকর ছানা, ছাগল ছানা বিলি, বীজ কিট বিলি ও সার বিলি, ইত্যাদি করা হবে। এছাড়াও স্পোর্টস, সংস্কৃতি, স্বাস্থ্য বিষয়ক তথ্যের আদানপ্রদান ইত্যাদি হবে। মঙ্গলবার এক অনলাইন বৈঠকে এব্যাপারে সিউড়ী প্রশাসনিক ভবনে এক বৈঠক হয়। জেলাশাসক সমস্ত ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিদের নিয়ে এবিষয়ে মঙ্গলবার একটি অনলাইন বৈঠক হয়।

গ্রেফতার হল ডাকাতির মূল পান্ডা

দুরন্ত বার্তা, চাঁচল, ২৪ জানুয়ারি ঃ মাস ছয়েক আগে ব্যবসায়ীর বাড়িতে ঘটে যাওয়া দুঃসাহসিক ডাকাতির কিনারা করলো মালদার চাঁচল থানার পুলিশ। দীর্ঘদিন ধরে ফেরার থাকার পর অবশেষে পুলিশের জলে ধরা পড়লো ডাকাত দলের মূল পান্ডা। ঘটনায় ধৃত ব্যক্তিকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশি হেফাজতের আবেদন চেয়ে চাঁচল মহকুমা আদালতে পেশ করলো পুলিশ। উল্লেখ্য, ২০২২ সালের ৪ জুন চাঁচল থানার মকদমপুর গ্রাম পঞ্চায়েতের উত্তর বসন্তপুর এলাকার ব্যবসায়ী মণীন্দ্রনাথ সাহার বাড়িতে দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটে। বৃদ্ধ দম্পতির মাথায় পিস্তল ঠেকিয়ে এক লক্ষ সত্তর হাজার টাকা ও আট ভরি সোনার গয়না চুরি করে পালায় দুস্কৃতীরা। এই ঘটনায় সেই দিনই চাঁচল থানায় লিখিত অভিযোগ দায়ের করেন ব্যবসায়ী মনীন্দ্রনাথ সাহা। অভিযোগ পাওয়ার পরেই ঘটনার তদন্তে নামে চাঁচল থানার পুলিশ। শেষমেষ ৬ মাস অতিক্রান্ত হবার পর অবশেষে পুলিশের জালে আসে ডাকাত দলের মূল পান্ডা। যদিও বাকিদের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ডাকাত দলের মূল পান্ডার নাম এস্তাব আলি(৪০), বাড়ি রতুয়া থানার সামসি এলাকায়। পুলিশ এই ঘটনায় দোষীদের চিহ্নিত করতে একাধিক সূত্র অবলম্বন করে। অবশেষে গোপন সূত্র খবরের ভিত্তিতে সামসি এলাকা থেকে ডাকাত দলের মূল পান্ডা এস্তাব আলীকে গ্রেফতার করা হয়। চাঁচল থানার পুলিশ জানিয়েছে, এস্তাব এর আগে গরু পাচার চক্রের সঙ্গে জড়িত ছিল। এই ডাকাতির ঘটনায় বাকিদের খোঁজ পেতে ধৃত ব্যক্তি এস্তাব আলীকে জিজ্ঞাসাবাদের জন্য পাঁচ দিনের পুলিশি হেফাজতের আবেদন চেয়ে চাঁচল মহকুমা আদালতে পেশ করেছে পুলিশ।

আপেল কুল চাষ করে লাভ কৃষকদের

দুরন্ত বার্তা, নদীয়া, ২৪ জানুয়ারি ঃ দুয়ারে সরস্বতী পুজো। বিদ্যার দেবীর আরাধনায় সবচাইতে উল্লেখযোগ্য ফল হচ্ছে কুল। গাছে লাল রঙের টসটসা আপেলের মতো দেখতে কুল দেখেও ছাত্র-ছাত্রীরা মুখ ঘুরিয়ে নেয়। সরস্বতী পুজো না হলে কুল খাওয়া যাবে না। এটাই ছাত্র-ছাত্রীদের জন্য চিরাচরিত নিয়ম। আগেকার দিনে কুল মানে বাড়ির দেশী কুল যা কিনা কাঁচা অবস্থায় খেতে টক আর পাকলে মিষ্টি। আর সরস্বতী পুজোতে চাহিদা ছিল নারকেল কুলের। বর্তমানে অবস্থার পরিবর্তনের সাথে সাথে বিভিন্ন ফল ও ফুলেরও পরিবর্তন হয়েছে। শীতকালের মরশুমে বিশেষ করে সরস্বতী পুজোয় আপেল কুলের চাহিদা থাকে অনেকটাই বেশি। তবে বর্তমানে দেশি এবং নারকেল কুলের পাশাপাশি চাহিদা বেড়েছে একাধিক বিভিন্ন জাতের কুলের। ঠিক তেমনি নদীয়ার কৃষ্ণগঞ্জ ব্লকে বর্তমানে ব্যাপক পরিমাণে চাষ করা হচ্ছে আপেলের মতোই দেখতে আপেল কুলের। এই কুল বেশ খানিকটা বড়ো হওয়ার পর লাল বর্ণ ধারণ করে। এরপরেই সেটি দেখতে অনেকটা হয়ে যায় আপেলের মতো, তবে আপেলের থেকে তুলনামূলক ভাবে সাইজে ছোট হয়। তবে খেতে কিন্তু আপেলের থেকে নেহাত কম স্বাদ নয়। সেই কারণে চলতি ভাষায় চাষীরা একে আপেল কুল বলে থাকেন। এই কুলের চাহিদা বর্তমানে বেড়েই চলেছে ধীরে ধীরে। সেই কারণেই টক মিষ্টি দেশী কুলকে পেছনে ফেলে বাজারে ছেয়ে গেছে আপেল কুলে। আর তাই চাষীদের মধ্যেও কুল চাষের প্রবণতা অনেকটাই বেড়েছে। নদীয়ার কৃষ্ণগঞ্জ ব্লকে প্রায় ২৫০ থেকে ৩০০ বিঘা জমিতে বর্তমানে এই আপেল কুল চাষ করা হয়ে থাকে। আর এই আপেল কুল চাষ করে লাভের মুখ দেখছেন নদীয়ার বিভিন্ন প্রান্তের চাষীরা।

দিদির সুরক্ষা কবচ কর্মসূচির উদ্বোধন

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ২৪ জানুয়ারি ঃ মঙ্গলবার সেরেঞ্জাবাড়ি দুর্গা মন্দির পরিদর্শন ও পুজো দিয়ে দুর্গাপুর অঞ্চলে দিদির সুরক্ষা কবচ কর্মসূচির শুভ উদ্বোধন করলেন ইটাহারের বিধায়ক মোশারফ হুসেন। এদিন উত্তর দিনাজপুর জেলার ইটাহার বিধানসভার বিধায়ক মোশারফ হুসেনের নেতৃত্বে দিদির দূতেরা দুর্গাপুর অঞ্চলের বেকিডাঙা, হাসুয়া, সেরেঞ্জাবাড়ি, কমলাই, গন্ডাহার, সাদাপুর সহ বিভিন্ন গ্রামের মানুষদের সঙ্গে জনসংযোগ করতে করতে বর্ণাঢ্য শোভাযাত্রা নিয়ে এগিয়ে যেতে থাকে। ব্যান্ডপার্টি বাজনার তালে তৃণমূলের পতাকা হাতে উচ্ছাসে মাততে দেখা যায় তৃণমূল কর্মী- সমর্থকদের। বিভিন্ন গ্রামে পৌছাতেই এলাকার মহিলারা ফুলের মালা পরিয়ে অভ্যর্থনা জানান দিদির দূতদের। পাশাপাশি এদিন দুর্গাপুর অঞ্চলের কুকড়াকুন্ডা সুস্বাস্থ্য কেন্দ্র ও প্রাথমিক বিদ্যালয় সহ দুর্গাপুর গ্রাম পঞ্চায়েত দপ্তর পরিদর্শন করে পরিকাঠামো খতিয়ে দেখে, মিড-ডে-মিলের গুনগত মান সহ পরিষেবার বিষয়ে খোঁজ খবর নেন বিধায়ক। গ্রামে গ্রামে সাধারণ মানুষের সাথে জনসংগ সহ পথসভার মাঝে আটঘোড়িয়া এলাকায় সাধারণ গ্রামবাসীর উঠোরে বসে পাত পেড়ে দলীয় নেতা-কর্মীদের সঙ্গে দুপুরের আহার সারতে দেখা যায় বিধায়ককে। বিকেলে দুর্গাপুর লাইন বাজার এলাজায় পথসভার মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের কথা সাধারণ মানুষের সামনে তুলে ধরেন বিধায়ক সহ উপস্থিত তৃণমূল নেতারা। শেষে দলীয় কর্মীদের সঙ্গে সাংগঠিক আলোচনা সেরে হাসুয়া গ্রামে গ্রামে নৈশভোজ ও রাত্রি বাস করবেন বলে জানান বিধায়ক মোশারফ হুসেন। এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন ব্লক তৃণমূল সভাপতি যোগেন্দ্র নাথ রায়, সহ-সভাপতি কার্তিক দাস, ব্লক মহিলা সভানেত্রী পূজা দাস, পলাশ রায়, প্রশান্ত সরকার সহ ইটাহার ব্লক তৃণমূলের অন্যান্য নেতৃত্বরা।

ভাঙা হল সরকারি জমিতে থাকা ক্লাব

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ২৪ জানুয়ারি ঃ ইসলামপুর শহরে পৌর এলাকায় যে সকল ক্লাব অবৈধভাবে সরকারি জমিতে জমি দখল করে গজিয়ে উঠেছিল সেই সকল ক্লাবগুলির বিরুদ্ধে অভিযান চালায় ইসলামপুর পৌর প্রশাসন, মহকুমা প্রশাসন ও পিডব্লিউডি। ক্লাবগুলিকে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে ঘরগুলিকে ভেঙে ফেলার নির্দেশ দেয়। সেই নির্দেশ মতো আজ ইসলামপুর শহরের বিদ্রোহী ক্লাব ও সুকান্ত সংঘ নামে দুটি ক্লাব নিজেরাই সরকারি জমিতে নির্মিত নির্মাণকাজ ভেঙে জমি খালি করার কাজ শুরু করেছে। একদিকে যেখানে সুকান্ত ক্লাব নিজেরা সরকারি জমি খালি করতে ক্লাব ভেঙে দেওয়ার কাজ করছে, সেখানে ক্লাবের কাঠামো ভাঙতে প্রশাসন ও পৌরসভার সহযোগিতা চেয়েছিল বিদ্রোহী সংঘ নামে অপর ক্লাব। বিদ্রোহী সংঘের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রশাসনের জেসিবি মেশিন বিদ্রোহী ক্লাবে পৌঁছে ক্লাবের সদস্যদের সহায়তায় ও উপস্থিতিতে ক্লাবের কাঠামো ভাঙার কাজ করা হয়। বিদ্রোহী ক্লাবের তরফে সুব্রত সরকার জানান, প্রশাসনকে সব ধরনের সহযোগিতা দিচ্ছে, তবে প্রশাসনের কাছে দাবি রয়েছে তাদের ক্লাবের জন্য বিকল্প জায়গা দেওয়া হোক, যাতে তারা দূর্গা পূজা এবং বিভিন্ন সময়ে বিভিন্ন আচার-অনুষ্ঠান করতে পারে এবং তাদের ক্লাব যেসব সামাজিক কাজ করছে সেসব সামাজিক কাজ ভালোভাবে করতে পারে। ইসলামপুর পৌরসভার আধিকারিক বাবলু নাথ জানান, ক্লাব ভাঙতে বিদ্রোহী ক্লাবের সদস্যরা নিজেরাই পৌরসভার কাছে সাহায্য চেয়েছিলেন, সে অনুযায়ী প্রশাসনের পক্ষ থেকে জেসিবি পাঠানো হয়েছে এবং ক্লাব সদস্যদের সহযোগিতায় ক্লাব ভাঙার কাজ করা হয়।

কাটিহার ডিভিশনের বিজ্ঞাপন প্রদর্শনের জন্য ই-নিলাম ক্যাটালগ (ওওএইচ)

কাটিহার ডিভিশনে বিজ্ঞাপন প্রদর্শনের (ওওএইচ) জন্য ই-নিলামের আমন্ত্রণ। **নিলাম ক্যাটালগ নং. সি-এডিভিটি-২৩; নিলাম শুরু (সমস্ত লট)ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১০টা; দিনঃ** ১০৯৬; **একক দরঃ** বার্ষিক লাইসেন্সিং ফি; **ক্রম নং.ঃ** এএ/১ঃ **লট নম্বর/শ্রেণীঃ** এডিভিটি-কেআইআর-এসজিইউজে-ওএইচ-১২৮-২২-২ (বিজ্ঞাপন - বাড়ির বাইরে)। **বর্ণনাঃ** এসআরপি কমপ্লেক্স/শিলিগুড়িতে বিজ্ঞাপন প্রদর্শন। **বন্ধের তারিখ এবং সময়ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১০.৩০ মিনিট। ক্রম নং.ঃ** এএ/২ঃ **লট নম্বর/শ্রেণীঃ** এডিভিটি-কেআইআর-এসজিইউজে-ওএইচ-১৭১-২৩-১ (বিজ্ঞাপন - বাড়ির বাইরে)। **বর্ণনাঃ** শিলিগুড়ি-বাগডোগরা-নকশালবাড়ি-রাঙ্গাপানি স্টেশনের টেন্ডারে নির্দিষ্ট/চিহ্নিত স্থানে বিজ্ঞাপনের চুক্তি প্রদান। **বন্ধের তারিখ এবং সময়ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১০.৪০ মিনিট। ক্রম নং.ঃ** এএ/৩ঃ **লট নম্বর/শ্রেণীঃ** এডিভিটি-কেআইআর-এসজিইউজে-ওএইচ-১২৭-২২-২ (বিজ্ঞাপন - বাড়ির বাইরে)। **বর্ণনাঃ** শিলিগুড়ি সিটি বুকিং অফিস কাম রিজার্ভেশন অফিসে বিজ্ঞাপন প্রদর্শন (প্রচলন এলাকা)। **বন্ধের তারিখ এবং সময়ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১০.৫০ মিনিট। ক্রম নং.ঃ** এএ/৪ঃ **লট নম্বর/শ্রেণীঃ** এডিভিটি-কেআইআর-এসজিইউজে-ওএইচ-১২৯-২২-২ (বিজ্ঞাপন - বাড়ির বাইরে)। **বর্ণনাঃ** বর্ধমান রোড/শিলিগুড়িতে বিজ্ঞাপন প্রদর্শন। **বন্ধের তারিখ এবং সময়ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১১টা। ক্রম নং.ঃ** এএ/৫ঃ **লট নম্বর/শ্রেণীঃ** এডিভিটি-কেআইআর- আরএনআই-ওএইচ-১৪-২২-১ (বিজ্ঞাপন - বাড়ির বাইরে)। **বর্ণনাঃ** নিউ জলপাইগুড়িতে জলের ট্যাঙ্কে বিজ্ঞাপন। **বন্ধের তারিখ এবং সময়ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১১.১০ মিনিট। ক্রম নং.ঃ** এএ/৬ঃ **লট নম্বর/শ্রেণীঃ** এডিভিটি-কেআইআর-কেআইআর-ওএইচ-১৬১-২৩-১ (বিজ্ঞাপন - বাড়ির বাইরে)। **বর্ণনাঃ** কাটিহার ডিভিশনে কাটিহার-জোগবানি সেকশনে শুধুমাত্র টেন্ডারের নির্দিষ্ট/চিহ্নিত স্থানের জন্য বহুসংখ্যক বিজ্ঞপনের চুক্তি প্রদানের জন্য। **বন্ধের তারিখ এবং সময়ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১১.২০ মিনিট। ক্রম নং.ঃ** এবি/১ঃ **লট নম্বর/শ্রেণীঃ** এডিভিটি-কেআইআর- এনজেপি-ওএসএন-১৫০-২২-২ (বিজ্ঞাপন - স্টেশন প্রাঙ্গনে (নন-ডিজিটাল))। **বর্ণনাঃ** নিউ জলপাইগুড়ি স্টেশনের প্ল্যাটফর্মে পিপি শেডের পিলারে বিজ্ঞাপনের প্রদর্শন। **বন্ধের তারিখ এবং সময়ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১১.৩০ মিনিট। ক্রম নং.ঃ** এবি/২ঃ **লট নম্বর/শ্রেণীঃ** এডিভিটি-কেআইআর-কেআইআর-ওএসএন-১৬০-২২-১ (বিজ্ঞাপন - স্টেশন প্রাঙ্গনে (নন-ডিজিটাল))। **বর্ণনাঃ** স্টেশন এবং প্রচলন এলাকায় বিজ্ঞাপন। **বন্ধের তারিখ এবং সময়ঃ ০১-০২-২০২৩** তারিখ **সকাল ১১.৪০ মিনিট।** প্রাথমিক কুলিং অফ সময় হল ৩০ মিনিট। পরপর লট বন্ধের ব্যবধান ১০ মিনিট। অংশগ্রহণকারী/দরদাতাকে আরও বিস্তারিত জানার জন্য আইআরইপিএস ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ ই-নিলাম মডিউল দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।

ডিআরএম(সি), কাটিহার

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

OFFICE OF THE PRADHAN
CHHARRA DUMDUMI GRAM PANCHAYAT
VILL.+PO.: CHHARRA, DIST.: PURULIA(W.B.)
UNDER PURULIA-II DEVELOPMENT BLOCK
e-TENDER NOTICE
NIT Memo No: 565(3)/CDGP/2022-2023 dt. 24/01/2023
NIT(e) No. WB/PUR/PRL-II/PRADHAN/CDGP/NIT(e)-05/2022-23

Encrypted electronic bids are hereby invited by the Pradhan, Chharra Dumdumi Gram Panchayat through a single stage two part e-procurement system (Part I: Techno-commercial Bid, Part II: Financial Bid) using website **https://wbtenders.gov.in/.** (1). Date and Time of Download/ Sale: **from 24/01/2023 10:00 am to 30/01/2023 05:00 pm.** (2). Date and Time of Bid Submission: from **24/01/2023 10:00 am to 30/01/2023 05:00 pm.** (3). Date and time of Bid Opening: **01/02/2023 at 05:15 pm.** The list of schemes & other details will be available in the office notice board of the undersigned as well as abovementioned website.

Sd/- Pradhan
Chharra Dumdumi Gram Panchayat, Purulia-II Dev. Block.

OFFICE OF THE PRADHAN
JABARRAH JHAPRA II GRAM PANCHAYAT
VILL.+PO.: FUSRABAID, DIST.: PURULIA(W.B.)
UNDER PARA DEVELOPMENT BLOCK
e-TENDER NOTICE
NIT Memo No.: 290/JJIIGP/2022-2023 dt. 19/01/2023
NITe No. WB/PUR/PARA/PRADHAN/JJ-II/NIT(e)-02/2022-23

Encrypted electronic bids are hereby invited by the Pradhan, Jabarrah Jhapra II Gram Panchayat through a single stage two part e-procurement system (Part I: Techno-commercial Bid, Part II: Financial Bid) using website **https://wbtenders.gov.in/.** 1. Date and Time of Download/ Sale: **from 24/01/2023 12 am to 03/02/2023 5 pm.** 2. Date and Time of Bid Submission: **from 24/01/2023 12 am to 03/02/2023 5 pm.** 3. Date and time of Bid Opening: **06/02/2023 at 12 Noon.** The list of schemes & other details will be available in the office notice board of the undersigned as well as abovementioned website.

Sd/- Pradhan
Jabarrah Jhapra II Gram Panchayat

Office of The Prodhan
Bahira Gram Panchayat
NOTICE INVITING e-TENDER No. 225/BGP/e-Tender/22-23

For and on behalf of the Bahira Gram Panchayat, The Prodhan, Bahira Gram Panchayat under Uluberia-I P.S. invites sealed percentage rate tenders for Construction of CC Road, Drain, Community Toilet, Sinking Submersible Pump etc. at different location under the jurisdiction of this office under the Programme of XV (15 th F.C.) Commission. For details go through the website: **https://howrah.nic.in / https:wbtenders.gov.in**

Sd/- Prodhan
Bahira Gram Panchayat

Notice Inviting Tender

e-tenders are invited for execution of 4nos.(road), 2nos.(tubewell), 1No. (Drain) & 2nos. (Sock pit) for works under **NIT PGP/09/2023 to PGP/17/2023, Dated : 20-01-2023** for details the bidders may visit at **http://wbtenders.gov.in** and at the office of the undersigned in any working days. Last date of document download for participation in tender is **28-01-2023 up to 10.30 AM. Tender ID 1) 2023_ZPHD_451401_1, 2) 2023_ZPHD_450950_1, 3) 2023_ZPHD_451140_1, 4) 2023_ZPHD_451281_1, 5) 2023_ZPHD_451650_1, 6) 2023_ZPHD_451787_1, 7) 2023_ZPHD_451997_1, 8) 2023_ZPHD_452187_1 & 9)2023_ZPHD_452383_1**

Sd/- Pradhan
Parbatipur Gram Panchayat

Office of the Pradhan
KHALGRAM GRAM PANCHAYAT
**Beldang